

উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শিক্ষায় দুই দশকের উত্থান-পতন

নিজস্ব প্রতিবেদক •

শিক্ষাবিষয়ক তথ্য ও পরবেষণার সরকারি প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যুরো অব এডুকেশন ইনফরমেশন অ্যান্ড স্ট্যাটিস্টিকসের (ব্যানবেইন) গত দুই দশকের (১৯৯০-২০১০) উচ্চমাধ্যমিকের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, নব্বইয়ের দশকের শুরুতে কয়েক বছর বিজ্ঞানের শিক্ষার্থী তুলনামূলক বেশি ছিল। এরপর আবার তা কমতে থাকে। পরের দশকের শুরুতে আবারও বিজ্ঞানের শিক্ষার্থী বাড়তে দেখা যায়। কিন্তু শেষের দিকে তা আবারও কমতে থাকে।

১৯৯০ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ছিল মোট শিক্ষার্থীর ২৮ শতাংশ। এর পর টানা তিন বছর শিক্ষার্থী কমেছে। ১৯৯৩ সালে শিক্ষার্থী নেমে আসে ১৭ শতাংশে। ১৯৯৪ সালে একটু বেড়ে তা প্রায় ১৯ শতাংশ হয়। এরপর কমতে থাকে।

১৯৯৯ সালে তা আবার বেড়ে ১৯ শতাংশ ৫৬ শতাংশ হয়। ২০০২ সাল পর্যন্ত বিজ্ঞান শিক্ষার্থী ক্রমাগত বাড়তে দেখা যায়। ২০০৩ সালে বিজ্ঞানের শিক্ষার্থী ছিল মোট শিক্ষার্থীর ২৫ শতাংশ। ২০০৪ সালে ২৪ শতাংশ, ২০০৫ সালে ২৩ শতাংশ, ২০০৬ সালে ১৯ শতাংশ, ২০০৭ সালে ২০ শতাংশ, ২০০৮ সালে ১৮ শতাংশ।

ব্যানবেইনের ওয়েব সাইটে এখনো ২০১১ ও ২০১২ সালের তথ্য অন্তর্ভুক্ত হয়নি। তবে এই দুই বছরের মাধ্যমিকে আগ্রহহীন করা শিক্ষার্থীদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, ২০১১ সালে বিজ্ঞানের শিক্ষার্থী ছিল ২১ শতাংশ। চলতি বছরে এই সংখ্যা ২২ শতাংশ।



১১টি জেলা-উপজেলায় ২৫টি সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে চারটিতে ভালো মানের বিজ্ঞানাগার আছে। পাঁচটি শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো বিজ্ঞানাগার নেই। বাকিগুলোয় বিজ্ঞানাগার আছে নামমাত্র

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিজ্ঞানশিক্ষা



মাধ্যমিকে ২২ বছরে শিক্ষার্থী কমেছে প্রায় **৪৮%**

উচ্চমাধ্যমিকে বিজ্ঞানশিক্ষায় উত্থান-পতন

২০১২	২২.০১	২০ বছরে
২০১১	২১.৯০	কমেছে
২০১০	১৮.৩৫	৩৬%
২০০৯	১৯.৩৩	
২০০৮	১৯.৩১	
২০০৭	২০.১৯	
২০০৬	১৯.৯৫	
২০০৫	২৩.২৫	
২০০৪	২৪.৩৬	
২০০৩	২৫.১৩	

বিজ্ঞানাগার ও শিক্ষক-সংকট

দেশের ৭৮% বিদ্যালয়ে আলাদা কোনো বিজ্ঞানাগার নেই। বিদ্যালয়প্রতি বিজ্ঞানের শিক্ষক আছেন গড়ে ২ দশমিক ৭

বাংলাদেশ দ্বিতীয় ফাউন্ডেশনের তথ্য



কেন কমেছে?
মাধ্যমিকে বিজ্ঞান না পড়ার প্রধান কারণ আর্থিক
উচ্চমাধ্যমিকে বিভাগ পরিবর্তনের প্রধান কারণটিও আর্থিক
বয়েসের পরবেষণার তথ্য



“ বিজ্ঞান ও প্রকৌশলে দক্ষ জনশক্তি না থাকলে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করা যাবে না। এভাবে চলতে থাকলে দেশ পরনির্ভরশীল হয়ে যাবে
অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ



“ বিজ্ঞান শিক্ষার জন্য মন্ত্রণালয়ের আলাদা কোনো বাজেট বরাদ্দ নেই। জাতিকে বিজ্ঞানমনস্ক করতে চাইলে এ খাতে আলাদা বরাদ্দ দেওয়া জরুরি
শিক্ষার্থী মুহাম্মদ ইসলাম নাহিদ